দৈনিক
জনকণ্ঠ

তারিখ 25 NOV 2016
পৃষ্ঠা ১০ কলাম ৬

# চবি সি-৩ ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

**চবি সংবাদদাতা ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাতিলকৃত ব্যবসায় প্রশাসনের অধীন সি-৩ ইউনিটের (বিজ্ঞান শাখা) ভর্তি পরীক্ষা আজ শুক্রবার পুনরায় অনুষ্ঠিত হবে। শুক্রবার ক্যাম্পাসের বাণিজ্য অনুষদ ভবন ও সমাজবিজ্ঞান অনুষদ ভবনে ভর্তি পরীক্ষাটি অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ১০টায় শুরু হবে এ ভর্তি পরীক্ষা।

এ বিষয়ে চবি ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ও ভর্তি কমিটির সচিব এস এম আকবর হোসাইন বলেন, 'সি-৩ এর ভর্তি পরীক্ষা শুক্রবার সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন অনুষদ ভবন ও সমাজবিজ্ঞান অনুষদ ভবনে পরীক্ষার আসন বিন্যাস করা হয়েছে।' উল্লেখ্য, গত ৩১ অক্টোবর সি-৩ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু পরীক্ষার পরপরই দেখা যায় প্রশ্নপত্রে এক শ'টি প্রশ্নেরই উত্তরের অপশনটি ঝাপসা করে দেয়া। শুধু তাই নয়, এ পরীক্ষায় প্রথম স্থান অধিকারীর প্রাপ্ত নম্বর ১২০ এর মধ্যে ১১৮.৯৯। এছাড়া ১৫ জন ১০০ এর বেশি নম্বর পান। এরপরই বিষয়টি আমলে নিয়ে সি-৩ ইউনিটের মৌখিক পরীক্ষা স্থগিত করেন উপাচার্য।